গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
এপিএ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫ এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী:

সভাপতি : ড. মহিউদ্দীন আহমেদ
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ১৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.
সময় : সকাল ১০:৩০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।
উপস্থিতি : পরিশিষ্ট ক।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২৫ এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটি'র ১ম সভায় অংশগ্রহণকৃত এ মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার কার্যপত্র অনুযায়ী তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ০৩ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ উপস্থাপন করেন:

| ক্র: নং | বৈঠকের আলোচ্যসূচি | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়ন অগ্রগতির হার |
|---|---|---|---|
| (ক) | 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪' এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (শুদ্ধাচার সেবাবক্সে) আপলোড নিশ্চিত করতে হবে; | 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪' এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (শুদ্ধাচার সেবাবক্সে) আপলোড নিশ্চিত করা হয়েছে। | ১০০% |
| (খ) | 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪' এর ৪র্থ কোয়ার্টারে (এপ্রিল-জুন/২০২৪) গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট সকল অনুবিভাগ ও অধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে; | 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪' এর ৪র্থ কোয়ার্টারে (এপ্রিল-জুন/২০২৪) গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট সকল অনুবিভাগ ও অধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক যথাসময়ে বাস্তবায়ন করা হয়েছে। | ১০০% |
| (গ) | ক্রীড়া পরিদপ্তর, ঢাকা এর অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়; | ক্রীড়া পরিদপ্তর, ঢাকা এর অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম ০৬.০৬.২০২৪ খ্রি.তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। | ১০০% |
| (ঘ) | বিকেএসপি'র আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, রামু, কক্সবাজার এর প্রশিক্ষণ কার্যক্রমের গুনগত মান যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০৬.০৬.২০২৪ খ্রি. তারিখে বিকেএসপি'র আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, রামু, কক্সবাজার এর প্রশিক্ষণ কার্যক্রমের গুনগত মান যাচাই করা হয়েছে। | ১০০% |

০৩। সভাপতি ০৩ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অর্ন্তভুক্ত নৈতিকতা কমিটি'র সভার সিদ্বান্তসমূহ শতভাগ (১০০%) বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২৪-২৫ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর/২০২৪) লক্ষ্যমাত্রা এবং অগ্রগতির তথ্যাদি সভায় উপস্থাপন করেন:

| কার্যক্রম | ১ম কোয়ার্টার লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| [১.১] নৈতিকতা কমিটির সভা আয়োজন | ০১ টি | ০১ টি |
| [১.২] নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | - | - |
| [১.৩] সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ০১ টি | ১৮.০৯.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। |
| [১.৪] শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন | ৫৪ জন | চলতি মাসে প্রশিক্ষণের আয়োজন করা হবে মর্মে সংশ্লিষ্ট শাখা হতে জানানো হয়েছে। |
| [২.১] ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ। | ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে ৩১.০৭.২০২৪ তারিখের মধ্যে প্রকাশ করতে হবে। | ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে ২৪.০৭.২০২৪ তারিখে প্রকাশ করা হয়েছে। |
| [২.২] অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | ১০% | ৫.৩৪% |
| [২.৩] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | ৫% | ১.৪৪% |
| [২.৪] প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | PSC-১৬টি | ১৬টি |
| [২.৫] প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | - | ৩য় কোয়ার্টারে অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। |

০৪। শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২৫ এ (জুলাই/২০২৪-জুন/২০২৫) গৃহীত কার্যক্রম সভায় উপস্থাপন করেন এবং এ মন্ত্রণালয়ের সচিব ও নৈতিকতা কমিটির সভাপতি উক্ত কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন।

০৫। শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা দপ্তর/সংস্থাকে নিজ নিজ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ১ম কোয়ার্টরের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ জানান এবং দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের উপর মন্ত্রণালয় কর্তৃক ৩০/১০/২০২৪ তারিখের মধ্যে ফিডব্যাক প্রদান করতে হবে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়া, ২০২৪-২০২৫ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রমাণকসহ আগামী ১৫ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে (শুদ্ধাচার সেবাবক্সে) আপলোড করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে মর্মে শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় অবহিত করেন।

চলমান পাতা/০৩

০৬। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫' এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (শুদ্ধাচার সেবাবক্সে) আপলোড নিশ্চিত করতে হবে;

খ) মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা নিজ নিজ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ১ম কোয়ার্টরের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

গ) যুব উন্নয়ন অধিদপ্তরের ০১টি উপজেলায় ঋণদান কার্যক্রম পরিদর্শন করা;

ঘ) ক্রীড়া পরিদপ্তরের ০১টি জেলায় ক্রীড়া প্রশিক্ষণ/ক্রীড়া কার্যক্রম পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষরিত/-**
ড. মহিউদ্দীন আহমদে
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

নং-৩৪.০০.০০০০.০৫২.০৫.০০২.২৪.৮৫

তারিখ : ০৮ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: উপসচিব, শুদ্ধাচার অধিশাখা (অ.দা) মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা)
২। মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা;
৩। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
৪। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, ঢাকা;
৫। মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা;
৬। যুগ্মসচিব, (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
৭। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা;
৮। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা;
৯। উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
১০। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা;
১১। উপদেষ্টার একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
১২। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
১৩। সিনিয়র সহকারী সচিব (সকল)/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
১৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;

কাজী মোশতাক জহির
যুগ্মসচিব
ফোন: ০২-৯৫৭৫৫০৬
ই-মেইল: kmz66@yahoo.com